**আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড**
**প্রধান কার্যালয়, গ্রীন সিটি এজ (৮ম তলা)**
**৮৯, কাকরাইল, ঢাকা-১০০০**
**www.istcl.gov.bd**
**অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন**

**তারিখঃ ১৬ জুন, ২০২৬**

# বিজ্ঞপ্তি

**বিষয়ঃ অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার পদে আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড (আইএসটিসিএল) এর ০৮ (আট) টি শূন্য পদের বিপরীতে নিয়োগের উদ্দেশ্যে অনুষ্ঠিতব্য নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত প্রবেশপত্র ডাউনলোড প্রসঙ্গে।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড (আইএসটিসিএল) এর অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে বিগত ১১ ডিসেম্বর ২০২৫ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়। উক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের প্রবেশপত্র আইএসটিসিএল এর ওয়েবসাইটে (https://icb.org.bd/istcl/career/cindex.php) আপলোড করা হয়েছে।

০২। পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদেরকে ১৬.০৬.২০২৬ তারিখ হতে ২৬.০৬.২০২৬ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে আইএসটিসিএল এর ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

০৩। পরীক্ষার তারিখ, সময় এবং পরীক্ষা কেন্দ্রের নাম ও ঠিকানা প্রবেশপত্রে উল্লেখ থাকবে।

০৪। নির্ধারিত সময়ের পর কোনো অবস্থাতেই প্রার্থীদের প্রবেশপত্র ডাউনলোড/সংগ্রহের সুযোগ থাকবে না।

০৫। প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের আবেদনে উল্লিখিত মোবাইল নম্বরে এসএমএস প্রেরণের মাধ্যমে প্রবেশপত্র ডাউনলোডের বিষয়টি অবহিত করা হয়েছে।

০৬। পরীক্ষায় বহু নির্বাচনী প্রশ্ন (বাংলা, ইংরেজি, গণিত, সাধারণ জ্ঞান ও সমসাময়িক বিষয়াবলী, বুদ্ধিমত্তা ও গাণিতিক দক্ষতা এবং কম্পিউটার) এর জন্য ৩৫ মিনিট এবং লিখিত (বাংলা, ইংরেজি, গণিত, সাধারণ জ্ঞান ও সমসাময়িক বিষয়াবলী ও অনুধাবনমূলক এবং কম্পিউটার-প্রোগ্রামিং, ডাটাবেজ, নেটওয়ার্কিং, সিকিউরিটি এবং হার্ডওয়্যার ও মেইনটেন্যান্স সংশ্লিষ্ট) এর জন্য ০২ ঘণ্টা সময় বরাদ্দ থাকবে।

০৭। প্রবেশপত্র ডাউনলোড সংক্রান্ত বিষয়ে সমস্যার সম্মুখীন হলে, বিজ্ঞপ্তিতে উল্লিখিত অফিসিয়াল ই-মেইল hrm@istcl.gov.bd অথবা নিম্নস্বাক্ষরকারীর সাথে অথবা (০১৭১৭-৮৪৯০৪৯) নম্বরে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে।

স্বাক্ষরিত/-

**(এ, কিউ, এম শফিউল আলম)**
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা
অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন
ফোনঃ ০২-৮৩০০৪৪৬
ই-মেইলঃ hrm@istcl.gov.bd